অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/28/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 2030 সালের মধ্যে দেশের শীর্ষস্থানীয় ছয় গিগাওয়াট বিদ্যুৎ অর্জনের নতুন ফ্রেমওয়ার্ক ঘোষণা করলেন

সার্বিক রোডম্যাপ স্টেটের সফল শক্তি সংরক্ষণাগার কর্মসূচি সম্প্রসারিত করার প্রস্তাবনা প্রদান করে যাতে নবায়নযোগ্য শক্তির দ্রুত প্রবৃদ্ধি উন্মোচন করা যায় এবং গ্রিডের নির্ভরযোগ্যতা ও গ্রাহকের স্থিতিস্থাপকতা বলিষ্ঠ করা যায়

অনুমোদিত হলে, সংরক্ষণাগার সক্রিয় করা ভবিষ্যতের স্টেটব্যাপী অনুমিত বিদ্যুৎ ব্যবস্থার খরচ প্রায় 2 বিলিয়ন মার্কিন ডলার হ্রাস করবে বলে আশা করা যাচ্ছে

2030 সালের মধ্যে স্টেটের বিদ্যুতের 70 শতাংশ নবায়নযোগ্য উৎস থেকে তৈরি এবং 2040 সালের মধ্যে 100 ভাগ নিঃসরণমুক্ত বিদ্যুৎ পাওয়ার জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সংরক্ষণ আইনের লক্ষ্যসমূহকে সমর্থন করে

গভর্নর ক্যাথি হোকল আজকে 2030 সালের মধ্যে দেশের শীর্ষস্থানীয় ছয় গিগাওয়াট বিদ্যুৎ, যা নিউ ইয়র্ক স্টেটের কম পক্ষে 20 শতাংশ চূড়ান্ত বিদ্যুতের প্রতিনিধিত্ব করবে, তা অর্জন করতে স্টেটের জন্য একটি নতুন ফ্রেমওয়ার্ক ঘোষণা করলেন। জনসেবা কমিশনের (Public Service Commission, PSC) কাছে বিবেচনার জন্য নিউ ইয়র্ক স্টেটের শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষ (New York State Energy Research and Development Authority, NYSERDA) এবং নিউ ইয়র্ক স্টেটের জনসেবা বিভাগের (New York State Department of Public Service, DPS) জমাকৃত রোডম্যাপটি স্টেটের সফল শক্তি সংরক্ষণাগার কর্মসূচি সম্প্রসারিত করার একটি সার্বিক সুপারিশের সেট প্রস্তাব করে যাতে স্টেটব্যাপী নবায়নযোগ্য শক্তির দ্রুত প্রবৃদ্ধির সাশ্রয়ী উপায় উন্মোচন করা যায় এবং গ্রিডের নির্ভরযোগ্যতা ও গ্রাহকের স্থিতিস্থাপকতা বলিষ্ঠ করা যায়। অনুমোদিত হলে, সংরক্ষণাগার সক্রিয় করা ভবিষ্যতের স্টেটব্যাপী অনুমিত বিদ্যুৎ ব্যবস্থার খরচ প্রায় 2 বিলিয়ন মার্কিন ডলার হ্রাস করবে বলে আশা করা যাচ্ছে, পাশাপাশি ক্ষতিকর জীবাশ্ম জ্বালানি দশকের সংস্পর্শে কম আসার কারণে উন্নত জনস্বাস্থ্যের রূপে আরো সুবিধা নিয়ে আসবে। আজকের ঘোষণাটি 2030 সালের মধ্যে স্টেটের বিদ্যুতের 70 শতাংশ নবায়নযোগ্য উৎস থেকে তৈরি এবং 2040 সালের মধ্যে 100 ভাগ নিঃসরণমুক্ত বিদ্যুৎ পাওয়ার জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সংরক্ষণ আইনের (Climate Leadership and Community Protection Act) লক্ষ্যসমূহকে সমর্থন করে।

"স্টেটব্যাপী, বিশেষ করে গতানুগতিক জীবাশ্ম জ্বালানির আধিক্য থাকা প্ল্যান্টগুলিতে নিঃসরণ হ্রাস করার জন্য পরিচ্ছন্ন, নবায়নযোগ্য শক্তি সংরক্ষণ করা এবং যখন যেখানে প্রয়োজন সেখানে প্রেরণ করা একটি অতি গুরুত্বপূর্ণ সমস্যা যা আমাদেরকে সমাধান করতে হবে," **গভর্নর হোকল বলেন।** "নবায়নযোগ্য শক্তির সর্বোচ্চ ব্যবহার ও তার সাথে পাওয়ার গ্রিডে একটি নির্ভরযোগ্য ও স্থিতিস্থাপক রূপান্তর করার জন্য এই রোডম্যাপটি অন্যান্য স্টেটের জন্য একটি অনুকরণীয় আদর্শ হিসেবে কাজ কাজ করবে।"

NYSERDA এবং DPS ছয় গিগাওয়াট অর্জনের জন্য সম্ভাব্য বাজার সংস্কার ও ব্যয়সাশ্রয়ী সংগ্রহের পদ্ধতি যত্নসহকারে যাচাই করেছে এবং প্রযুক্তির উদ্ভাবন, বিশেষ করে দীর্ঘমেয়াদে সংরক্ষণ ত্বরান্বিত করতে প্রয়োজনীয় গবেষণা ও বিকাশকে সনাক্ত করেছে। এছাড়াও এজেন্সিগুলোই স্টেটের সর্বাপেক্ষা দূষণকারী জীবাশ্ম জ্বালানি পাওয়ার প্ল্যান্টগুলি নির্মূল করে দিবে এমন উপায়ে শক্তি সংরক্ষণাগার নির্মাণ করার পন্থা বিবেচনা করবে, যেমনটি গভর্নর হোকল তার 2022 স্টেট অফ দ্য স্টেটে প্রস্তাব করেছেন।

রোডম্যাপটি নিউ ইয়র্ক স্টেটের পাইকারি (বড় পরিসরে), খুচরা (সম্প্রদায়, বাণিজ্যিক এবং শিল্প কারখানা), এবং আবাসিক শক্তি সংরক্ষণ ক্ষেত্রসমূহজুড়ে অতিরিক্ত 4.7 গিগাওয়াট নতুন সংরক্ষণাগার প্রকল্প সংগ্রহ করতে NYSERDA নেতৃত্বাধীন কর্মসূচিসমূহের বাস্তবায়নের প্রস্তাব করে। এই ভবিষ্যৎ সংগ্রহগুলি স্টেটের চুক্তির অধীনে ইতিমধ্যে বিদ্যমান থাকা, বাণিজ্যিক কর্মকাণ্ডের দিকে অগ্রসর হতে থাকা 1.3 গিগাওয়াট শক্তি সংরক্ষণাগারের সাথে মিলিত হয়ে স্টেটকে 2030 সালের মধ্যে ছয় গিগাওয়াট অর্জনের লক্ষ্য পূরণ করতে দিবে।

NYSERDA-র প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম হ্যারিস বলেন, "স্টেটব্যাপী শক্তি সংরক্ষণাগার গ্রহণকে ত্বরান্বিত করা হলে বায়ু ও সৌরশক্তি আমাদের বিদ্যুৎ গ্রিডে সংযোজিত হবে, এবং সেই সাথে ঐতিহাসিকভাবে জীবাশ্ম জ্বালানির দূষণ দ্বারা প্রভাবিত বহু সম্প্রদায়য়ের বাতাসের মান উন্নত করবে। গভর্নর হোকলের নেতৃত্বাধীনে নিউ ইয়র্কের অগ্রগতির উপর ভিত্তি করে এই রোডম্যাপটি শিল্পখাতের জন্য আমাদের সাথে অংশীদারিত্ব করার একটি পন্থা প্রদান করবে, যা নিউ ইয়র্কবাসীদের এই গুরুত্বপূর্ণ প্রযুক্তির সুবিধা উপলব্ধি করতে সাহায্য করবে এবং প্রকল্পের নতুন ঢেউ নিয়ে আসবে।"

জনসেবা বিভাগের প্রধান নির্বাহী কর্মকর্তা রোরি এম. ক্রিস্টিয়ান বলেন, "গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটের শক্তি সংরক্ষণাগার বিকাশের একজন মুখ্য সমর্থক। প্রস্তাবিত ফ্রেমওয়ার্কটি নিউ ইয়র্ককে একটি পরিচ্ছন্ন শক্তির অর্থনীতিতে স্থানান্তর করতে আমাদের প্রয়োজনীয় সংস্থান প্রদান করে এবং আমাদের অতি গুরুত্বপূর্ণ জলবায়ু লক্ষ্য পূরণ করে।"

রোডম্যাপটি প্রস্তাব করে:

1. 3,000 মেগাওয়াটের নতুন পাইকারি সংরক্ষণাগার, যা আনুমানিক এক মিলিয়ন বাসাকে চার ঘণ্টা বিদ্যুৎ সরবরাহ প্রদানের জন্য যথেষ্ট, যা নতুন প্রতিযোগিতামূলক ইনডেক্স স্টোরেজ ক্রেডিট (Index Storage Credit) পদ্ধতির মাধ্যমে সংগ্রহ করা হবে, যা

গ্রাহকদের জন্য সাশ্রয় সর্বোচ্চ করার পাশাপাশি প্রকল্পসমূহকে দীর্ঘমেয়াদি নিশ্চয়তা প্রদান করবে বলে আশা করা যাচ্ছে;

2. 1,500 মেগাওয়াটের নতুন খুচরা সংরক্ষণাগার, যা আনুমানিক 500,000 বাসাকে চার ঘণ্টা বিদ্যুৎ সরবরাহ প্রদানের জন্য যথেষ্ট, এবং 200 মেগাওয়াটের নতুন আবাসিক সংরক্ষণাগার, যা আনুমানিক 120,000 বাসাকে দুই ঘণ্টা বিদ্যুৎ সরবরাহ প্রদানের জন্য যথেষ্ট, যা সমর্থিত হবে NYSERDA-র বিদ্যমান অঞ্চলভিত্তিক ব্লক প্রণোদনা কর্মসূচি দ্বারা;
3. কর্মসূচির তহবিলের কমপক্ষে 35 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়ের (Disadvantaged Communities, DAC) জন্য লাভজনক হয় এবং জীবাশ্ম জ্বালানি পিকার প্ল্যান্টের নিঃসরণ হ্রাসকে লক্ষ্য করে এমন প্রকল্পের সমর্থনে ব্যবহার করা, এবং ডাউনস্টেট অঞ্চলে অবস্থিত প্রকল্পসমূহের জন্য কর্মসূচি কর্তন করা যেহেতু সেখানে DAC এবং পিকার প্ল্যান্টের উচ্চ ঘনত্ব রয়েছে।
4. বিদ্যুৎ ইউটিলিটিগুলির জন্য বর্তমানে বিদ্যমান বাজারের মাধ্যমে উপলভ্য নয় এমন ব্যয় সাশ্রয়ী ট্রান্সমিশন ও বিতরণ সেবার ক্ষেত্রে উচ্চ মূল্যের শক্তি সংরক্ষণাগার প্রকল্পসমূহের সম্ভাবনা অধ্যয়ন করা আবশ্যিক করবে;
5. নির্ভরযোগ্য দীর্ঘমেয়াদে শক্তি সংরক্ষণ প্রযুক্তির সাথে সম্পর্কিত গবেষণা ও বিকাশে বিনিয়োগ করার জন্য বিদ্যমান কর্মসূচিগুলির অগ্রাধিকার অব্যাহত রাখা; এবং
6. এক মেগাওয়াট বা তার বেশি ধারণক্ষমতার শক্তি সংরক্ষণ প্রকল্পসমূহের জন্য প্রচলিত বেতন পরিশোধকে একটি কর্মসূচির আবশ্যিকতা করা, যা পরিচ্ছন্ন শক্তিতে পরিবার টিকিয়ে রাখার মতো চাকরি তৈরিতে স্টেটের অব্যাহত প্রতিশ্রুতি প্রদর্শন করে।

স্টেটের শক্তি সংরক্ষণ লক্ষ্যকে সম্প্রসারণ করা হলে নিউ ইয়র্কের গ্রাহকদের জন্য গড়ে বিদ্যুৎ বিলের প্রভাব প্রতি মাসে অর্ধেক শতাংশ বা আনুমানিক 0.46 মার্কিন ডলার হবে। রোডম্যাপটি জনগণের মতামতের জন্য জনসেবা বিভাগের ওয়েবসাইটে উপলভ্য আছে, এর পরবর্তী সিদ্ধান্তগ্রহণ 2023 সালে হবে বলে আশা করা যাচ্ছে।

অধিক পরিমাণ নবায়নযোগ্য শক্তি সংযোজন করা সম্ভব করে, উৎপাদন পন্থা মসৃণ করতে সাহায্য করে, সংকোচন হ্রাস করে এবং যখন যেখানে সবথেকে বেশি প্রয়োজন সেখানে নবায়নযোগ্য উৎপাদন নিয়ে গিয়ে শক্তি সংরক্ষণাগার নিউ ইয়র্কের নিঃসরণমুক্ত বৈদ্যুতিক গ্রিডের সমর্থনে একটি অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। 2022 সালের নভেম্বর পর্যন্ত, নিউ ইয়র্ক স্টেটে আনুমানিক 130 মেগাওয়াট সক্রিয় শক্তি সংরক্ষণের সমর্থনে 500 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে। স্টেটের চুক্তির অধীনে 1,300 মেগাওয়াটের বেশি অতিরিক্ত শক্তি সংরক্ষিত আছে এবং তা বাণিজ্যিক কর্মকাণ্ডের দিকে অগ্রসর হচ্ছে। নিউ ইয়র্ক যখন ভবন, পরিবহন ও শিল্পজাত প্রান্তিক ব্যবহারকে বিদ্যুতায়িত করছে, তখন শক্তি সংরক্ষণাগার সক্রিয় করার কাজ ত্বরান্বিত করা হলে তা গ্রিডের এইসব অতিরিক্ত চাহিদা মেটাতে একটি নমনীয় সমাধান প্রদান করবে এবং ডাউনস্টেটের জীবাশ্ম জ্বালানি উৎপাদকগুলির জীবনের শেষ সময়ে অবসর গ্রহণকে সমর্থন করবে।

NY-BEST এর নির্বাহী পরিচালক ডাঃ উইলিয়াম অ্যাকার বলেন, "আজকে প্রকাশিত নতুন

শক্তি সংরক্ষণ রোডম্যাপটি আমাদের জলবায়ু লক্ষ্য অর্জনে এবং একটি নিঃসরণমুক্ত বৈদ্যুতিক গ্রিড সক্রিয় করতে শক্তি সংরক্ষণের অতি গুরুত্বপূর্ণ ভূমিকাকে স্বীকৃতি দেয় এবং এটি নিউ ইয়র্ককে 2030 সালের মধ্যে 6 গিগাওয়াট শক্তি নিযুক্ত করার পথে স্থাপন করে, শক্তি সংরক্ষণের ক্ষেত্রে নিউ ইয়র্ককে বৈশ্বিক নেতার অবস্থানে স্থাপন করে, এবং স্টেটে পরিচ্ছন্ন শক্তির চাকরি বৃদ্ধি করে। NY-BEST সার্বিক এবং অর্থপূর্ণ রোডম্যাপের জন্য NYSERDA ও DPS-কে অভিনন্দন জানাচ্ছে এবং বৈদ্যুতিক গ্রিডে শক্তি সংরক্ষণের বহু সুবিধা পেতে আমরা আমাদের সদস্যদের সাতে এবং স্টেটের অংশীদারদের সাথে কাজ করতে উন্মুখ।"

বিংহ্যামটন ইউনিভার্সিটির (Binghamton University) বিশিষ্ট অধ্যাপক, এবং লিথিয়াম আয়ন ব্যাটারির বিকাশের জন্য রসায়নে নোবেল বিজয়ী ডাঃ এম. স্ট্যানলি হুইটিংহ্যাম বলেন, "আজকে প্রকাশিত নতুন শক্তি সংরক্ষণ রোডম্যাপটি শক্তি সংরক্ষণ শিল্পখাতের একটি মুখ্য কেন্দ্র হিসেবে নিউ ইয়র্ক স্টেটের অবস্থানকে আরো বলীয়ান করবে। শক্তি সংরক্ষণে নতুন পণ্য বিকাশ এবং উদ্ভাবন থেকে শুরু করে বাণিজ্যিকীকরণ, উৎপাদন এবং বাজারে প্রয়োগ পর্যন্ত, এই রূপান্তরকারী শিল্পখাতকে বিকশিত করতে নিউ ইয়র্ক একটি বলিষ্ঠ ইকোসিস্টেম গঠন করেছে।"

নিউ ইয়র্ক পরিচ্ছন্ন শক্তি জোটের (Alliance for Clean Energy New York) কাইল রেবিন বলেন, "নিউ ইয়র্কের নবজাতক শক্তি সংরক্ষণাগার শিল্পখাতকে নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তিতে স্থানান্তরে অবশ্যই একটি অত্যাবশ্যকীয় ভূমিকা পালন করতে হবে, এবং আমরা শিল্পখাতটির বিকাশের জন্য এই প্রস্তাবনাকে স্বাগত জানাচ্ছি।নিউ ইয়র্কের সিদ্ধান্ত গ্রহণকারীরা শক্তি সংরক্ষণাগার 2.0 রোডম্যাপটি পরিমার্জন ও চূড়ান্ত করতে এবং এটিকে ব্যাটারি স্টোরেজ প্রকল্প গঠন করার মাঠপর্যায়ের কর্মসূচিতে পরিণত করতে যে কাজ করছে তাতে আমরা তাদের সাথে কাজ করতে উন্মুখ।প্রথমে 6 গিগাওয়াট সংরক্ষণের লক্ষ্য নির্ধারণ করা এবং এখন তা অর্জনে রোডম্যাপ প্রস্তাবনা করার জন্য আমরা গভর্নর হোকলের প্রশংসা করছি।"

নিউ ইয়র্ক স্টেট ভবন ও নির্মাণ বাণিজ্য পরিষদের (New York State Building and Construction Trades Council) প্রেসিডেন্ট গ্যারি লাবারবারা বলেন, "নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তির ভবিষ্যতের জন্য শক্তি সংরক্ষণ অতি গুরুত্বপূর্ণ, যেহেতু এটি বায়ু ও সৌর শক্তিকে আরো নির্ভরযোগ্য এবং যেখানে প্রয়োজন সেখানে প্রেরণযোগ্য করে এবং এটি সবুজ অবকাঠামোর আরো একটি খাত যা আমাদের স্টেটের পরিশ্রমী মানুষের জন্য কয়েক হাজার ভালো বেতনের ইউনিয়ন চাকরি তৈরি করবে। শক্তি সংরক্ষণাগারের দায়িত্বশীল বিকাশ শুধু স্টেটের আদর্শ নির্ধারণকারী পরিচ্ছন্ন শক্তি লক্ষ্যকেই সমর্থন করবে না, বরং ইউনিয়নকৃত নির্মাণশিল্পের ট্রেডসমেন ও ট্রেডসউইমেনকে ভাতাসহ, প্রচলিত বেতনের মধ্যবিত্ত ক্যারিয়ার পাওয়ার টেকসই ও সন্তোষজনক পথ প্রদান করবে। আমরা এইসব মুখ্য বিষয় উপলব্ধি করার জন্য এবং আমাদের সদস্যদের, যারা নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তি স্থানে নেতৃত্বের জন্য মৌলিক, তাদের জন্য সুযোগ ও স্থিতিশীলতা তৈরি করবে এমন প্রকল্প ও উদ্যোগের নেতৃত্ব দানের জন্য NYSERDA-র প্রশংসা করছি।"

নিউ ইয়র্ক কনজার্ভেটিভ ভোটার্স লীগের (New York League of Conservation Voters, NYLCV) প্রেসিডেন্ট জুলি টিঘে বলেন, "যদি নিউ ইয়র্ক এর দেশের শীর্ষস্থানীয় শক্তি লক্ষ্য

অর্জন করতে চায়, তাহলে আমাদেরকে আমাদের ভবন, পরিবহন, বাসাতে আরো বেশি পরিচ্ছন্ন শক্তির প্রবাহ আনতে হবে, এবং তার একটি অতি গুরুত্বপূর্ণ অংশ হলো প্রয়োজনীয় সংরক্ষণ ধারণক্ষমতা নিশ্চিত করা। 2030 সালের মধ্যে 6 গিগাওয়াট সংরক্ষণে গভর্নর হোকলের সংশোধিত লক্ষ্যকে, এবং সেই সাথে নিউ ইয়র্কের 2022 শক্তি সংরক্ষণ রোডম্যাপ এবং কার্যকর ও পরিবেশের প্রতি ন্যায্য এমন উপায়ে এর নতুন লক্ষ্যে পৌঁছাতে এর বহুমুখী পন্থা, এবং তা করার জন্য প্রচলিত বেতনের চাকরি প্রদান করার প্রতিশ্রুতিকে NYLCV দৃঢ়ভাবে সমর্থন করে।"

নিউ ইয়র্ক স্টেটের দেশের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ুর কর্মসূচী হল জাতির সব চেয়ে বেশি আক্রমণাত্মক জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা সুশৃঙ্খল ও ন্যায্যভাবে পরিচ্ছন্ন শক্তিতে উত্তরণের আহ্বান করে যা চাকরি তৈরি করে এবং নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 মহামারী থেকে উদ্ধারলাভের সাথে সাথে একটি সবুজ অর্থনীতিকে প্রতিপালন করা অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং জনসমাজের সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act) এর মাধ্যমে আইনের অন্তর্ভুক্ত করার পরে, নিউ ইয়র্ক 2040 এর মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎশক্তির ক্ষেত্রে তার বাধ্যতামূলক লক্ষ্য অর্জনের পথে এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 এর মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতি ব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। এটি স্টেট জুড়ে 120টি বড় আকারের নবায়নযোগ্য এবং ট্রান্সমিশনের প্রকল্পগুলিতে 35 বিলিয়ন ডলারের বেশি বিনিয়োগের উপর ভিত্তি করে গড়ে তোলে, যার মধ্যে আছে ভবনগুলির নির্গমন কমাতে 6.8 বিলিয়ন ডলার, সৌরশক্তি বাড়াতে 1.8 বিলিয়ন ডলার, ক্লিন ট্রান্সপোর্টেশন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি এবং NY গ্রীন ব্যাঙ্কের (NY Green Bank) প্রতিশ্রুতিতে 1.6 বিলিয়ন ডলারেরও বেশি সহ ক্লিন এনার্জি বাড়াতে নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগ। সম্মিলিতভাবে, এই বিনিয়োগগুলি 2021 সালে নিউ ইয়র্কের ক্লিন এনার্জি সেক্টরে 165,000 টিরও বেশি চাকরিকে সহায়তা করছে, 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ বৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর উইন্ড বিকাশের প্রতিশ্রুতি। জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্কে এই অগ্রগতির উপর ভিত্তি করে নির্মাণ করবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমনকে 1990 এর স্তর থেকে 85 শতাংশ কমাবে, এবং নিশ্চিত করবে যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের 40 শতাংশ বেনিফিটের অন্তত 35 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে দেওয়া হবে, এবং চূড়ান্ত ব্যবহারকারীর শক্তির খরচ সাশ্রয় করার মাধ্যমে অন-সাইট শক্তি খরচ 185 ট্রিলিয়ন BTU কমানো, যাতে 2025 সালের শক্তির দক্ষতার লক্ষের উদ্দেশ্যে অগ্রসর হওয়া যায়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন